গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৪২.০০১.২০২৬-২৪৭৪

তারিখ: ০৪ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ / ১৯ নভেম্বর ২০২৬খ্রি.

বিষয়: ঢাকা মহানগরীসহ সারাদেশের সকল বেসরকারি স্কুল, স্কুল এন্ড কলেজে (মাধ্যমিক, নিম্ন মাধ্যমিক ও সংযুক্ত প্রাথমিক স্তর) ২০২৭ শিক্ষাবর্ষে ডিজিটাল লটারির মাধ্যমে শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত।

সূত্র: ১। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক-৩৭.০০.০০০০.০৭২.০৬.০২১.১৬(অংশ-১)-২৭০; তারিখ: ১০/১১/২০২৬ খ্রি.
২। শিক্ষা মন্ত্রণালয়ের ১৭/১১/২০২৬ খ্রি. অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরীসহ সারাদেশের বেসরকারি স্কুল, স্কুল এন্ড কলেজে (মাধ্যমিক, নিম্ন মাধ্যমিক ও সংযুক্ত প্রাথমিক স্তর) ২০২৭ শিক্ষাবর্ষে বিভিন্ন শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা হবে। ১ম শ্রেণিতে ভর্তির আবেদন শুধুমাত্র অন-লাইনে http://gsa.teletalk.com.bd এই ঠিকানায় পাওয়া যাবে। অন-লাইনে আবেদন গ্রহণের প্রক্রিয়া ০১/১২/২০২৬খ্রি. তারিখ থেকে ১০/১২/২০২৬খ্রি. তারিখ পর্যন্ত চলমান থাকবে। ১ম শ্রেণিতে ২০২৭ শিক্ষাবর্ষে ভর্তির আবেদন ফি ১১০/- (একশত দশ) টাকা নির্ধারণ করা হয়েছে যা শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল হতে SMS এর মাধ্যমে প্রদান করা যাবে। ২য় শ্রেণি থেকে ৯ম শ্রেণি পর্যন্ত ভর্তি পরীক্ষা (লিখিত) স্ব স্ব ভর্তি কমিটির মাধ্যমে নিজস্ব ব্যবস্থাপনায় সম্পন্ন করতে হবে। বেসরকারি স্কুল, স্কুল এন্ড কলেজে (মাধ্যমিক,নিম্ন মাধ্যমিক ও সংযুক্ত প্রাথমিক স্তর)শিক্ষার্থী ভর্তি নীতিমালা ২০২৭ অনুযায়ী বিভিন্ন কোটা ও ক্যাচমেন্ট এরিয়া নিশ্চিত করতে হবে।

২। ১ম শ্রেণিতে আবেদনের ক্ষেত্রে প্রার্থীগণ প্রাপ্যতার ভিত্তিতে প্রতিটি আবেদনে সর্বোচ্চ ০৫টি বিদ্যালয় পছন্দের ক্রমানুসারে নির্বাচন করতে পারবে। উল্লেখ্য, ডাবল শিফটের প্রতিষ্ঠানের ক্ষেত্রে উভয় শিফট পছন্দ করলে দুটি পছন্দক্রম সম্পন্ন হয়েছে বলে বিবেচিত হবে। একই পছন্দক্রমের বিদ্যালয় কিংবা শিফট দ্বিতীয় বার পছন্দ করা যাবে না। ১ম শ্রেণির শিক্ষার্থীদের ডিজিটাল প্রক্রিয়ায় অনলাইন লটারি অনুষ্ঠানের তারিখ ১৫/১২/২০২৬ খ্রি. (মঙ্গলবার) সকাল ১১.০০ টায় নির্ধারণ করা হয়েছে।

ক) প্রতিষ্ঠান প্রধানগণ নিজ নিজ প্রতিষ্ঠানের শূন্য আসন সংখ্যা উল্লেখপূর্বক ভর্তি বিজ্ঞপ্তি প্রচার করবেন।
খ) আবেদন ফরম জমার জন্য বিজ্ঞপ্তিতে সুস্পষ্ট তারিখ ও সময় উল্লেখ থাকতে হবে।

৩। ঢাকা মহানগরীসহ সারাদেশের সকল বেসরকারি স্কুল, স্কুল এন্ড কলেজে (মাধ্যমিক, নিম্ন মাধ্যমিক ও সংযুক্ত প্রাথমিক স্তর) ১ম শ্রেণিতে ডিজিটাল লটারি প্রক্রিয়ায় শিক্ষার্থী নির্বাচন আগামী ১৫/১২/২০২৬খ্রি.অন-লাইনের মাধ্যমে অনুষ্ঠিত হবে। অন-লাইনে আবেদন ফরম পূরণ ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলি www.dshe.gov.bd এর secondary circular/order ও www.teletalk.com.bd ওয়েবসাইট হতে জানা যাবে। বেসরকারি প্রতিষ্ঠানের ভর্তি কার্যক্রম ভর্তি তদারকি ও পরিবীক্ষণ কমিটির সার্বক্ষণিক পরামর্শক্রমে ও তত্ত্বাবধানে অনুষ্ঠিত হবে। ভর্তি কার্যক্রমে সার্বিক স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিত করতে হবে।

৪। শিক্ষা মন্ত্রণালয়ের ভর্তি নীতিমালা অনুযায়ী ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট আঞ্চলিক উপপরিচালকের কার্যালয়ের আওতাধীন ঢাকা মহানগরীসহ সারাদেশের সকল বেসরকারি স্কুল, স্কুল এন্ড কলেজে (মাধ্যমিক, নিম্ন মাধ্যমিক ও সংযুক্ত প্রাথমিক স্তর) উল্লিখিত নির্দেশনা অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(প্রফেসর মোঃ সাখাওয়াত হোসেন খান)
পরিচালক (মাধ্যমিক)

উপপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
৩. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
৪. জেলা প্রশাসক (সকল);
৫. জেলা শিক্ষা অফিসার (সকল);
৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৭. মহাব্যবস্থাপক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, ঢাকা;
৮. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
৯. সভাপতি, ব্যবস্থপনা কমিটি, সংশ্লিষ্ট বিদ্যালয়;
১০. অধ্যক্ষ/প্রধান শিক্ষক, সংশ্লিষ্ট বিদ্যালয়;
১১. পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
১২. সংরক্ষণ নথি।